আপনার 5 মে, 2016 সালের স্কটিশ সংসদীয় নির্বাচনে ভোট দেয়ার গাইড



The Electoral Commission

কে ভোট দিতে পারে?

আপনি এই নির্বাচনে ভোট দিতে পারেন যদি আপনি স্কটল্যান্ডে ভোট দেয়ার জন্য নিবন্ধভুক্ত রয়েছেন এবং**বৃহস্পতিবার 5 মে 2016 তারিখে** আপনার বয়স 16 বা তার চেয়ে বেশি হবে এবং আপনি:

- ব্রিটিশ বা আইরিশ নাগরিক, বা
- একজন কমনওয়েলথের নাগরিক যার কাছে ইউকে (যুক্তরাষ্ট্র) তে লিভ টু রিমেন আছে বা যার ইউকে-তে থাকার জন্য লিভ টু রিমেনের কোন প্রয়োজন নেই, বা
- ইয়ুরোপের সংঘের অন্য কোন দেশের নাগরিক

যে ব্রিটিশ নাগরিকরা বিদেশে রয়েছে তারা স্কটিশ সংসদের নির্বাচনে ভোট দিতে পারবেন না।

এটা প্রথম স্কটিশ সংসদীয় নির্বাচন যাতে 16 ও 17 বছর বয়সীরা ভোট দেয়ার জন্য যোগ্য।

এই নির্বাচনে ভোট দেয়ার জন্য আপনাকে অবশ্যই **সোমবার 18 এপ্রিল 2016 তারিখের মধ্যরাত্রির ভিতরে** নিবন্ধভুক্ত হতে হবে। আপনার যথাসম্ভব তাড়াতাড়ি নিবন্ধভুক্ত হওয়াটা গুরুত্বপূর্ণ কেননা আপনার নিবন্ধন অফিস কে হয়তো আপনার সাথে কিছু বিবরণ যাঁচাই করার প্রয়োজন হতে পারে।

যদি আপনি গত কয়েক দিনের মধ্যে ভোটগ্রহণের কার্ড পেয়েছেন তাহলে আপনাকে ভোট দেয়ার জন্য নিবন্ধভুক্ত করা হয়েছে।

আপনার ভোটগ্রহণের কার্ড আপনাকে অবহিত করে যে আপনাকে কোথায় এবং কখন ভোট করতে হবে এবং যদি আপনি নিবন্ধভুক্ত হন তাহলে আপনি একটি নির্বাচনের আগে এটা পাবেন।

অনলাইন এই ঠিকানায়: **gov.uk/register-to-vote** বা **0800 3 280 280** নম্বরে কল করে ভোট দেয়ার জন্য রেজিস্টার করুন।

আমি কিভাবে ভোট করতে পারি?

ভোট দেয়ার তিন উপায় রয়েছে:

1. বৃহস্পতিবার 5 মে, 2016 তারিখে আপনার ভোটদানের স্থানে

আপনাকে একটি ভোটগ্রহণের কার্ড পাঠিয়ে অবহিত করা হবে যে আপনার ভোটদানের স্থান কোথায় অবস্থিত রয়েছে। ভোট দেয়ার জন্য আপনার নিজের ভোটগ্রহণের কার্ডের কোন প্রয়োজন নেই, এবং যদি আপনি সেটা হারিয়ে ফেলেন বা সেটা না পান তাহলে আপনি আপনার স্থানীয় পরিষদের সাথে যোগাযোগ করে জানতে পারেন যে আপনার ভোটদানের স্থান কোথায় অবস্থিত রয়েছে। **ভোটদানের স্থানগুলো সকাল 7টা থেকে রাত 10টা পর্যন্ত খোলা থাকে।**

2. ডাকযোগে

ডাকযোগে ভোট দেয়ার আবেদন করার জন্য, একটি ডাকের মাধ্যমে ভোট দেয়ার আবেদন পত্র পূরণ করুন এবং সেটাকে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসের নিকট পাঠিয়ে দিন যাতে সেটা **মঙ্গলবার 19 এপ্রিল 2016, বিকেল 5টার মধ্যে পৌঁছে যায়।**

আপনি ডাকের মাধ্যমে আপনার ভোট পত্র প্রাপ্ত করবেন। আপনার ভোট পত্র পূরণ করে ফেরত পাঠিয়ে দিন এবং নিশ্চিত করবেন যে আপনি যেন যথেষ্ট সময় থাকতে এই পত্র ফেরত পাঠান যাতে এটা **বৃহস্পতিবার 5 মে, 2016 রাত 10টা পর্যন্ত পৌঁছে যায়।**

3. প্রক্সির মাধ্যমে (আপনার তরফ থেকে আপনার কোন বিশ্বাসযোগ্য লোককে ভোট দেয়ার অনুমতি দেয়া)

প্রক্সির মাধ্যমে ভোট দেয়ার আবেদন করার জন্য একটি আবেদন পত্র পূরণ করুন এবং সেটাকে আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধন অফিসের নিকট পাঠিয়ে দিন যাতে সেটা **মঙ্গলবার 26 এপ্রিল 2016, বিকেল 5টার মধ্যে পৌঁছে যায়।**

যদি কোন জরুরি অবস্থা দেখা দেয় এবং আপনি নিজে ভোটদানের স্থানে না যেতে পারেন তাহলে আপনি বৃহস্পতিবার, 5 মে 2016 তারিখে বিকেল 5টা পর্যন্ত **জরুরি অবস্থায় প্রক্সির জন্য আবেদন করতে পারেন।**

আরো তথ্যসমূহের জন্য বা একটি ডাকযোগের বা প্রক্সি আবেদন ফর্ম পাওয়ার জন্য, **aboutmyvote.co.uk** এ যান বা **0800 3 280 280** নম্বরে আমাদের হেল্পলাইন কে কল করুন।

আমি ভোট পত্র কি করে পূরণ করবো?

আপনি দুটো ভোট পত্র প্রাপ্ত করবেন:

নির্বাচনক্ষেত্রের ভোট পত্র
(স্থানীয় অঞ্চল)

Election of Members of the Scottish Parliament for the [XXXXXXXXXXXXXXX] **Constituency**

Vote for **only one candidate** by putting a cross in the box next to your choice ✘

Candidate A A Party	☐
Candidate B B Party	☐
Candidate C Independent	☐
Candidate D D Party	☐
Candidate E Independent	☐

এই ভোট পত্রে আপনি একজন প্রার্থীর জন্য ভোট দেন যিনি আপনার নির্বাচনক্ষেত্রের প্রতিনিধি হবেন। একজন প্রার্থীর নামের উল্টো দিকের বাক্সে **একটি ক্রস চিহ্ন (X) দিন।**

আঞ্চলিক ভোট পত্র
(বৃহত্তর নির্বাচনী অঞ্চল)

Election of Members of the Scottish Parliament for the [XXXXXXXXXXXXXXX] **Region**

Vote **only once** by putting a cross in the box next to your choice ✘

A Party	☐
B Party	☐
C Party	☐
Candidate D Independent	☐
Candidate E Independent	☐

এই ভোট পত্রে আপনি একজন দল বা স্বাধীন প্রার্থীর জন্য ভোট দেন যিনি আপনার অঞ্চলের প্রতিনিধি হবেন। একটা দল বা একজন স্বাধীন প্রার্থীর নামের উল্টো দিকের **বাক্সে একটি ক্রস চিহ্ন (X) দিন।**

স্কটিশ সংসদীয় নির্বাচন

বৃহস্পতিবার 5 মে, 2016 সালে, স্কটিশ সংসদের নির্বাচন হবে।

স্কটিশ সংসদের কাছে বিভিন্ন বিষয়ে আইন বানানোর ক্ষমতা রয়েছে যার মধ্যে স্বাস্থ্য, শিক্ষা, আবাসন, ন্যায়বিচার এবং পরিবেশ অন্তর্ভুক্ত রয়েছে।

স্কটল্যান্ডে সবার আটজন মেম্বার্স অব দি স্কটিশ পার্লিআমেন্ট (এমএসপি'স) (স্কটিশ সংসদের সদস্য) দ্বারা প্রতিনিধিত্ব করা হয়; একজন তাদের নির্বাচনক্ষেত্রের জন্য (বা স্থানীয় অঞ্চল) এবং সাতজন সেই বৃহত্তর নির্বাচনী অঞ্চলের জন্য যেখানে তারা থাকেন।

129 জন নির্বাচিত এমএসপি রয়েছেন যার মধ্যে নিম্নলিখিত অন্তর্ভুক্ত রয়েছেন:

- নির্বাচনক্ষেত্র থেকে 73 জন এমএসপি, 73 নির্বাচনক্ষেত্রের মধ্যে প্রত্যেকটির জন্য একজন
- 56 জন আঞ্চলিক এমএসপি, স্কটল্যান্ডের আটটা নির্বাচনী অঞ্চলের মধ্যে প্রত্যেকটির জন্য সাতজন।

স্কটিশ সংসদের বিষয়ে আরো তথ্যসমূহ জানার জন্য, এই ঠিকানায় যান **scottish.parliament.uk**

আরো তথ্যসমূহ কী করে জানতে পারেন

যদি আপনার কোন প্রশ্ন রয়েছে, বা আপনি অন্য কোন ভাষায় বা বৈকল্পিক বিন্যাসে এই প্রচারপত্র পেতে চান তাহলে **aboutmyvote.co.uk** এ যান। অথবা **0800 3 280 280** নম্বরে আমাদের হেল্পলাইন কে কল করুন।

@ElectoralCommUK

চিত্র © স্কটিশ সাংসদীয় কার্পোরেট নিকায় - 2012।
ওপেন স্কটিশ সাংসদের লাইসেন্স সংস্করণ 1.0'এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত।

এটা কে নির্বাচন কমিশন দ্বারা জনিত করা হয়েছে,
Lothian Chambers, 59-63 George IV Bridge, Edinburgh EH1 1RN।

© নির্বাচন কমিশন 2016

YOUR VOTE MATTERS
DON'T LOSE IT